# ২০২২
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

**কোর্স কোড : BNGH-CC-T-2**

**[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (২য় ভাগ)]**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) বাংলা অক্ষরে মুদ্রিত প্রথম মৌলিক গ্রন্থটির নাম কী? রচয়িতা কে এবং গ্রন্থটির প্রকাশ সাল কত?

খ) 'বেতাল পঞ্চবিংশতি', 'বাঙ্গালার ইতিহাস', 'জীবনচরিত', 'বোধোদয়' এই চারটি অনুবাদ গ্রন্থের মূল গ্রন্থগুলির নাম লেখো।

গ) মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য'কে কেন আধুনিক বাংলা কাব্য ধারার সূচনা বলা হয় তার দুটি কারণ লেখো।

ঘ) নিম্নলিখিত গ্রন্থগুলি কালানুক্রমিকভাবে সাজিয়ে দাও:

'ধূসর পাণ্ডুলিপি', 'অগ্নিবীণা', 'হেমন্ত গোধূলি', 'অর্কেস্ট্রা'।

*[পরের পাতায়]*

ঙ) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলির জনপ্রিয়তার দুটি কারণ লেখো।

চ) শম্ভু মিত্র রচিত দুটি নাটকের নাম লেখো।

ছ) উপন্যাসগুলির লেখকের নাম লেখো:

'জাগরী', 'আরণ্যক', 'পুতুলনাচের ইতিকথা', 'প্রজাপতি'।

জ) ঔপন্যাসিক সহ বাংলা সাহিত্যের দুটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

ঝ) প্রভাত কুমার মুখোপাধ্যায়ের ছোটগল্পের দুটি বিশেষ বৈশিষ্ট্য উল্লেখ করো।

ঞ) প্রকাশকাল সহ সম্পাদকের নাম লেখো — দিগ্‌দর্শন এবং কল্লোল।

ট) কামরূপী উপভাষার দুটি বৈশিষ্ট্য লেখো।

ঠ) বাংলা শব্দ ভাণ্ডারে আরবি প্রভাবজাত দুটি শব্দের উদাহরণ দাও।

ড) ধ্বনি পরিবর্তনের কোন্ রীতি অনুযায়ী নিম্নলিখিত শব্দগুলির পরিবর্তন হয়েছে?

হিসেব, গামছা, ইস্টিমার, পদ্দ।

ঢ) অর্থ সংক্রম বা অর্থ সংশ্লেষ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে দাও।

ণ) এমন একটি বিশেষণের উদাহরণ দাও যা পুরুষ ও নারী উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হতে পারে।



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) বাংলা গদ্য নির্মাণে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের ভূমিকা আলোচনা করো।

খ) বাংলা কাব্যজগতে 'বৃত্রসংহার কাব্যে'র গুরুত্ব আলোচনা করো।

গ) ধ্বনি পরিবর্তনের ধারায় ব্যঞ্জনধ্বনির আগম প্রক্রিয়াটি সংক্ষেপে বুঝিয়ে দাও।

ঘ) বাংলা ছোটগল্পকার হিসেবে রাজশেখর বসুর বিশিষ্টতা পর্যালোচনা করো।

ঙ) বাংলা সাহিত্যে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব বিচার করো।

চ) বাংলা রূপতত্ত্বের একটি গুরুত্বপূর্ণরূপ 'পুরুষ'। এই 'পুরুষ'এর সংজ্ঞা ও উদাহরণসহ ব্যাখ্যা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) বাংলা উপন্যাসে ত্রয়ী বন্দ্যোপাধ্যায়ের নাম লেখো। তাঁদের মধ্যে যে-কোনো একজনের উপন্যাস সৃষ্টির প্রতিভার পরিচয় দাও।

খ) বাংলা কবিতার জগতে সুনীল গঙ্গোপাধ্যায়ের বিশিষ্টতা বুঝিয়ে দাও।

গ) রাঢ়ী ও বঙ্গালী উপভাষার একটি তুলনামূলক আলোচনা করো।

ঘ) গণনাট্য আন্দোলনের পথিকৃৎ হিসেবে বিজন ভট্টাচার্যের ভূমিকা পর্যালোচনা করো।

---